দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG 26 1996
পৃষ্ঠা ৩ কলাম ৭

# সরকারী কলেজ শিক্ষকদের দাবিদাওয়া মেনে নেয়ার আহ্বান

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের কেন্দ্রীয় নির্বাহী কাউন্সিলের সভা সম্প্রতি ঢাকাস্থ সরকারী সোহরাওয়ার্দী কলেজে পরিষদের সভাপতি অধ্যক্ষ মোঃ আলী আকবর খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কতিপয় নেতার মামলার কারণে শিক্ষা ক্যাডারে অনির্দিষ্টকালের জন্য পদোন্নতি বন্ধ থাকায় সভায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়। শিক্ষা সচিব ও মাউশি'র মহাপরিচালকের প্রতি মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার অনুরোধ জানিয়ে শিক্ষা ক্যাডারে ক্যাডার ও নন ক্যাডার দ্বন্দ্ব সৃষ্টি করে বিভাজন তৈরি না করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আহ্বান জানান হয়। সভায় শিক্ষা অধিদফতরে যেসব কর্মকর্তা পক্ষপাত দোষে দুষ্ট তাদেরকে শিক্ষা অধিদফতর থেকে প্রত্যাহার করার জন্য আত্তীকৃত শিক্ষকরা শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবের কাছে অনুরোধ জানান। সম্প্রতি যে ৮৩ জন আত্তীকৃত শিক্ষককে ক্যাডার বহির্ভূত পদে স্থায়ী করা হয়েছে আগামী ২০ সেপ্টেম্বরের মধ্যে সংশোধনী এনে তাদের শিক্ষা ক্যাডারে স্থায়ীকরণ না করলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী দেয়া হবে বলে সভায় উল্লেখ করা হয়। প্রধানমন্ত্রী ঘোষিত ১৮টি জাতীয়করণকৃত মহিলা কলেজের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের দ্রুত নিয়োগ প্রদান, ইফেকটিভ সার্ভিসের ভিত্তিতে ৪১০০ টাকার স্কেল প্রাপ্তদের টাকা ফেরতদানের হয়রানিমূলক আবেদন বাতিল করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানান হয়। যে সকল প্রভাষকের চাকরি ১৯৯৬ সালের ৩১ ডিসেম্বর ৫ বছর পূর্ণ হয়েছে তাদেরকে বিভাগীয় পরীক্ষা থেকে অব্যাহতি দিয়ে পদোন্নতি প্রদান এবং ইফেকটিভ সার্ভিস গণনা করে ৪১০০ টাকার স্কেল প্রদান করার জন্য প্রতিনিধিবৃন্দ জোর দাবি জানান। -বিজ্ঞপ্তি।